



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ডি-১১ (প্রশাসন)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.১১০.৫১.০০৮.২৪.০৪

তারিখ: ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

অফিস আদেশ

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে “বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” (এস.আর.ও. নং ২৯৯-আইন/২০২০) অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ‘অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক’ পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	রোল নম্বর	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১	১৫০০১৫৫৫	জনাব এস.এম.আব্দুল আলীম পিতা: শেখ মোঃ কাসেম আলী মাতা: তারামন বেগম	গ্রাম: বাইশ কাইল তালুকদারপাড়া ডাকঘর: চতিলা পোস্ট কোড: ১৯৯০ থানা: গোপালপুর জেলা: টাঙ্গাইল
২	১৫০০১৩৭৭	জনাব মিতালী ইসলাম পিতা: আব্দুর রাজ্জাক মাতা: তাহমিনা বেগম	গ্রাম: সর্দার ডাঙ্গী ডাকঘর: আকোটেরচর পোস্ট কোড: ৭৮১০ থানা: সদরপুর জেলা: ফরিদপুর
৩	১৫০০২৬১৯	জনাব মোঃ ইমরান খাঁন পিতা: মোঃ আইয়ুব খাঁন মাতা: কোহিনুর আক্তার	গ্রাম: পূর্ব ছাগলনাইয়া, মিয়াজীপাড়া ডাকঘর: রাধানগর পোস্ট কোড: ৩৯১০ থানা: ছাগলনাইয়া জেলা: ফেনী
৪	১৫০০২৭০৬	জনাব মুহাম্মদ সোহেল পিতা: মুহাম্মদ মাসুদ মাতা: জেসমিন বেগম	গ্রাম: পশ্চিম দিঘলী ডাকঘর: দিঘলী বাজার পোস্ট কোড: ৩৭০৩ থানা: লক্ষীপুর সদর জেলা: লক্ষীপুর

২। **শর্তাবলি:**

- যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানের সময় ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;
- চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যেকোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;

C

পৃষ্ঠা: ১/২

- (ঘ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";
- (ঙ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (চ) চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র/অব্যাহতিপত্র যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে;
- (ছ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই; তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;
- (জ) চাকরিতে তার জ্যেষ্ঠতা বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- (ঝ) চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- (ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যেকোনো বিষয় প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং
- (ঠ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। বর্ণিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০৬ জানুয়ারি ২০২৬ তারিখ সকাল ৯:০০ টায় অনুবিভাগ প্রধান (অনুবিভাগ-২), প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।


(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)

উপসচিব

ফোন: ৫৮১৫১৩৭১


E-mail: d11@mod.gov.bd

নম্বর: ২৩.০০.০০০০.১১০.৫১.০০৮.২৪.০৪

তারিখ: ১৭ পৌষ ১৪৩২
০১ জানুয়ারি ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব (উপসচিব), প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, প্রতিরক্ষা মন্ত্রণালয় (নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীর বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. অনুবিভাগ প্রধান (অনুবিভাগ-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৮. জনাব.....
৯. অফিস কপি/মাস্টার ফাইল


(আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন)

উপসচিব

পৃষ্ঠা: ২/২